

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

## আরবী

وَعن ابي ذرِّ قَالَ: مرَّ بِي النبيُّ وَأَنَا مُضْطَجِعٌ عَلَى بَطْنِي فَرَكَضَنِي بِرِجْلِهِ وَقَالَ: «يَا جُنْدُبُ إِنَّمَا هِيَ ضِجْعَةُ أَهْلِ النَّارِ» . رَوَاهُ ابنُ مَاجَه

### বাংলা

8৭৩১-[২৫] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি উপুড় হয়ে শুয়েছিলাম। এ সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট দিয়ে অতিক্রম করছিলেন। তিনি স্বীয় পা দ্বারা আমাকে ঠোকা দিয়ে বললেনঃ হে জুনদূব! (আবূ যার (রাঃ)-এর নাম) শোয়ার এ পদ্ধতি জাহান্নামবাসীদের পদ্ধতি। (ইবনু মাজাহ)[1]

# ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ ৩৭২৪, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ৮১৪৮, মুসনাদে আহমাদ ২৩৬১৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (إِنَّمَا هِيَ ضَجْعَةُ أَهْلِ النَّارِ) উপুড় হয়ে শোয়া জাহান্নামবাসীদের শোয়ার পদ্ধতি। তিনি এ বক্তব্যের মাধ্যমে এ কথার প্রতি ইঙ্গিত করেছেন যে, কাফির ও পাপাচারী লোকেরা এভাবে শয়ন করে। (মিরক্লাতুল মাফাতীহ)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন